

## অমুকালীন চূড়া

মোহাম্মদ আবদুর রায়চাক

### ১

এক সাহারা গরম বালির দেশ -  
এতই গরম সেথায় থাকা দায়।  
এক সাহারা বাংলাদেশের মন্ত্রি  
ফালতু কথার রানী বলা যায় ॥  
বলেছিলেন সাগর-রঞ্জীর খুনী  
সময় পাবে দুই কুড়ি আট ঘণ্টা;  
এর মাঝেই পড়বে তারা ধরা-  
(শুনে সবার খুশী হলো মনটা) ॥

এখন তো প্রায় পার হলো দু'মাস,  
মুক্ত খুনী কোথায় পগাড় পার -  
পঁচে গেছে সাগর-রঞ্জীর লাশ;  
খুনী ধরার আছে কি দরকার?

### ২

কালো বিড়াল ধরতে গিয়েছিলেন  
রেলমন্ত্রী বাবু সুরজিত -  
কালো রং এর ডিবো পড়ে গায়ে  
মন্ত্রি মশায় নিজেই হলেন চিত ॥  
চোরের মায়ের নাকি বড় গলা  
বাংলাভাষার বাগধারাতে বলে-  
মন্ত্রী মশায় ভুলে গিয়েছিলেন  
তাইতো পড়েন এমন গ্যাড়াকলে ॥

সিডনী, ১৯ এপ্রিল